রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ১১, ২০১৮**

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ/২৫ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ

নং **১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০১.১৮-৪৯**।—The Representation of the People Order, 1972 এর Article 89A-এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮ জুলাই, ২০১৮ তারিখের স্মারক নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.৪৭৮-এর পরিপ্রেক্ষিতে উক্ত Order এর Article 73, Article 78, Article 79, Article 80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 এর sub-section (1) of section 190 অনুযায়ী আমলে নেয়া এবং উহা সংক্ষিপ্ত বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ২নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৩নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে এতদ্বারা ২৪ জুলাই, ২০১৮ হতে ২৭ জুলাই, ২০১৮ তারিখ পর্যন্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করল :

| ক্রমিক নং | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | ২৭ কুড়িগ্রাম-৩ | জনাব মিজানুর রহমান, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম |
| ২. | | জনাব মিলন চন্দ্র পাল, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম |
| ৩. | | জনাব দেবাংশু কুমার সরকার, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর |
| ৪. | | জনাব মোঃ শোয়েবুর রহমান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর |


মূল্য : টাকা ৪.০০

২। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এর বরাবরে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর মাধ্যমে একটি যোগদানপত্র দাখিল করবেন।

৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

## ছক

**নির্বাচনি এলাকা : ২৭ কুড়িগ্রাম-৩**

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত একজন সশস্ত্র পুলিশ কর্মকর্তা (এ.এস.আই এর নিম্নে নয়) এবং দুইজন কনস্টেবল নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ শরীফ হোসেন হায়দার**
উপসচিব (আইন)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd